

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

স্বাস্থ্য বিভাগ

সভার কার্যবিবরণী

বিষয় : আসন্ন বর্ষা মৌসুমে ডেঙ্গু জ্বরের বাহক এডিস মশা নিয়ন্ত্রণে এবং বিদ্যমান করোনা পরিস্থিতিতে করণীয় নির্ধারণ সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ সেলিম রেজা, প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

তারিখ ও সময় : ৩১ মার্চ ২০২১, বেলাঃ ১২.০০ ঘটিকা।

সভার স্থান : সম্মেলন কক্ষ, লেভেল-৮, নগর ভবন, প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।

উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভার সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভায় উপস্থিত সকলকে অবগত করেন যে, আসন্ন বর্ষা মৌসুমে ডেঙ্গু জ্বরের বাহক এডিস মশার প্রকোপ বৃদ্ধির সম্ভবনা আছে। এছাড়া বর্তমানে করোনা রোগীর সংখ্যা ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। করোনার পাশাপাশি ডেঙ্গু জ্বরের প্রকোপ বৃদ্ধি পেলে নগরবাসীর দুর্ভোগের সীমা থাকবে না। এহেন পরিস্থিতিতে তিনি উপস্থিত সকলকে এডিস মশা নিয়ন্ত্রণে করণীয় সম্পর্কে সুচিন্তিত ও গঠনমূলক আলোচনা এবং মতামত প্রদানের জন্য আহ্বান জানান।

২। বর্তমান পরিস্থিতিতে এডিস মশার প্রকোপ নিয়ন্ত্রণে এবং করোনা পরিস্থিতিতে করণীয় সম্পর্কে উপস্থিত কর্মকর্তাগণ আলোচনা করেন। উপস্থিত কর্মকর্তাগণের আলোচনার প্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়।

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী	মন্তব্য
১	এডিস মশার প্রকোপ নিয়ন্ত্রণ এবং করোনা বিস্তাররোধে জনসচেতনতা বৃদ্ধির জন্য করণীয় সম্পর্কে আলোচনা হয়।	জনসচেতনতা বৃদ্ধির জন্য বিলবোর্ড স্থাপন স্টিকার প্রস্তুত ও বিতরণ, পত্রিকায় গণবিজ্ঞপ্তি প্রচার এবং ডিএনসিসি'র ওয়েব সাইট ও ফেসবুক এবং সবার ঢাকা এ্যাপসের মাধ্যমে সচেতনতামূলক বার্তা প্রচারের সিদ্ধান্ত হয়।	স্বাস্থ্য বিভাগ আইসিটি বিভাগ জনসংযোগ বিভাগ	
২	মশক নিধন কাজে ব্যবহৃত হস্তচালিত স্প্রে মেশিন, ফগার মেশিন, ছইল ব্যারো মেশিন ও অন্যান্য মেশিনে বর্তমান অবস্থা নিয়ে সভায় আলোচনা করা হয়।	মশক নিধন কাজে ব্যবহৃত অকেজো মেশিনসমূহ দ্রুততম সময়ের মধ্যে মেরামতপূর্বক কার্যকর করার সিদ্ধান্ত হয়।	আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা সহকারী স্বাস্থ্য কর্মকর্তা	
৩	মশক নিধন কাজে ব্যবহৃত অকেজো হস্তচালিত স্প্রে মেশিন, ফগার মেশিন, ছইল ব্যারো মেশিন ও অন্যান্য মেশিনে মেশিনসমূহ দ্রুততম সময়ের মধ্যে মেরামতের জন্য আঞ্চলিক নির্বাহী কর্মকর্তার চাহিদার প্রেক্ষিতে অগ্রিম অর্থ বরাদ্দ প্রদানের বিষয়ে আলোচনা হয়।	আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণের চাহিদার প্রেক্ষিতে মেশিন মেরামত বাবদ অগ্রিম অর্থ বরাদ্দের সিদ্ধান্ত হয়।	প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা	
৪	নির্মাণাধীন ভবন, বিভিন্ন পরিত্যক্ত প্লট ও ব্যক্তি মালিকানাধীন ডোবা ও জলাশয়ের এডিস মশা তথা মশার প্রজনন নিয়ন্ত্রণে করণীয় সম্পর্কে সভায় আলোচনা করা হয়।	মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে নির্মাণ প্রতিষ্ঠান ও ব্যক্তি মালিকানাধীন ডোবা ও জলাশয়ের মালিকদের বিরুদ্ধে জরিমানা/নিয়মিত মামলা রুজু করা।	প্রধান সম্পত্তি কর্মকর্তা আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা	
৫	এডিস মশার প্রকোপ নিয়ন্ত্রণে আগাম কর্ম পরিকল্পনার প্রস্তুতি বিষয়ে সভায় আলোচনা করা হয়।	পূর্বের অজ্ঞতার আলোকে এডিস মশার প্রকোপ নিয়ন্ত্রণে অগ্রিম কর্ম পরিকল্পনা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।	আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা সহকারী স্বাস্থ্য কর্মকর্তা	

৬	এডিস মশার প্রকোপ নিয়ন্ত্রণে করণীয় সম্পর্কে নগরবাসীকে সচেতন করার বিষয়ে ৫ (পাঁচ) ওয়াজ নামাজের আগে মসজিদের মাইকের সাহায্যে সচেতনামূলক বার্তা প্রচার বিষয়ে আলোচনা হয়।	প্রতিটি মসজিদে মাইকের সাহায্যে সচেতনামূলক বার্তা প্রচারের সিদ্ধান্ত হয়।	সম্মানিত ওয়ার্ড কাউন্সিলর আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা সহকারী স্বাস্থ্য কর্মকর্তা
৭	মশক নিধন কার্যক্রমে রোটোরি ক্লাব, বিএনসিসি, বাড়ি/ফ্ল্যাট মালিক সমিতি, কল্যাণ সমিতি, বিশিষ্ট ব্যক্তিবর্গ, শিক্ষক এবং ধর্মীয় নেতৃবৃন্দকে মশক নিধন কাজে সম্পৃক্ত করার বিষয়ে আলোচনা হয়।	রোটোরি ক্লাব, বিএনসিসি, বাড়ি/ফ্ল্যাট মালিক সমিতি, কল্যাণ সমিতি, বিশিষ্ট ব্যক্তিবর্গ, শিক্ষক এবং ধর্মীয় নেতৃবৃন্দকে মশক নিধন কাজে সম্পৃক্ত করার সিদ্ধান্ত হয়।	সম্মানিত ওয়ার্ড কাউন্সিলর স্বাস্থ্য বিভাগ আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা সহকারী স্বাস্থ্য কর্মকর্তা
৮	করোনা প্রকোপ মোকাবেলা ডিএনসিসি'র কর্মকর্তা/কর্মচারীগণের সুরক্ষা প্রদান এবং বিশেষ ক্ষেত্রে নগরবাসীর মধ্যে বিতরণের জন্য মাস্ক, হ্যান্ড সেনিটাইজার ও হাত ধোয়ার সাবান ক্রয় ও বিতরণ এবং নগরের বিভিন্ন জনবহুল স্থানে সাবানসহ হাত ধোয়ার বেসিন স্থাপনের বিষয়ে সভায় আলোচনা হয়।	স্বাস্থ্য বিভাগের চাহিদার প্রেক্ষিতে মাস্ক ও হ্যান্ড সেনিটাইজার ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রধান স্বাস্থ্য কর্মকর্তা প্রধান ভান্ডার ও ক্রয় কর্মকর্তা

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভার সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে গৃহিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের আশাবাদ ব্যক্ত করে এবং বর্তমান করোনা পরিস্থিতিতে সবার শারীরিক সুস্থতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

(মোঃ সেলিম রেজা)

প্রধান নির্বাহী কর্মকর্তা


ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

স্মারক নং-৪৬.১০.০০০০.০২৯.০০.২০২১.২২২

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং...../সংরক্ষিত আসন নং ডিএনসিসি।
- ২। বিভাগীয় প্রধান (সকল) ডিএনসিসি।
- ৩। সচিব, ডিএনসিসি।
- ৪। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) ডিএনসিসি।
- ৫। উপপ্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ডিএনসিসি।
- ৬। মাননীয় মেয়র মহোদয়ের একান্ত সচিব, ডিএনসিসি (মাননীয় মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। নির্বাহী ম্যাজিস্ট্রেট, ডিএনসিসি।
- ৮। প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার, ডিএনসিসি (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। সহকারী স্বাস্থ্য কর্মকর্তা, ডিএনসিসি।
- ১০। ভেটেরিনারি কর্মকর্তা, ডিএনসিসি।
- ১১। কীট নিয়ন্ত্রণ কর্মকর্তা, ডিএনসিসি।
- ১২। অফিস কপি।

তারিখ-০৫/০৪/২০২১ খ্রিঃ।



ব্রিগেঃ জেনাঃ মোঃ জোবায়দুর রহমান
প্রধান স্বাস্থ্য কর্মকর্তা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন